

বিইউএইচএস ক্যাম্পাসে থ্যালাসেমিয়া বিষয়ক সচেতনতামূলক সেমিনার

০১ জুলাই ২০২৪, ১১:৩৭



বিইউএইচএস'র ইব্রাহিম মিলনায়তনে অনুষ্ঠিত থ্যালাসেমিয়া বিষয়ক সচেতনতামূলক সেমিনার

বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস (বিইউএইচএস) ও ইনস্টিটিউট ফর ডিভেলপিং সায়েন্স এন্ড হেলথ ইনোভেটিভসের (আইডেশি) যৌথ উদ্যোগে থ্যালাসেমিয়া সম্পর্কে সচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৯ জুন) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের ইব্রাহিম মিলনায়তনে আয়োজিত সেমিনারে বিইউএইচএস'র উপাচার্য অধ্যাপক ডা. ফরিদুল আলম এবং আইডেশির লিড সায়েন্টিস্ট ও আইসিডিডিআরবির সংক্রামক রোগ বিভাগের জ্যেষ্ঠ পরিচালক ড. ফিরদৌসী কাদরী অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সেমিনার শেষে বিনামূল্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ক্যারিয়ার স্ক্রিনিং টেস্ট নেয়া হয়। ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক এসব আয়োজনে সহযোগিতা প্রদান করে।

স্বাধীনতা পদক ও ম্যাগসেসে পুরস্কার প্রাপ্ত চিকিৎসা বিজ্ঞানী ড. ফিরদৌসী কাদরী সেমিনারে থ্যালাসেমিয়া রোগের বৃত্তান্ত, দেশে এই রোগের বর্তমান চিত্র ও প্রতিরোধ ব্যবস্থা সম্পর্কে আলোকপাত করেন এবং বংশানুক্রমিক এই রোগের বিস্তার রোধ করার জন্য আগে থেকেই এর ক্যারিয়ার স্ক্রিনিং টেস্টের উপর গুরুত্ব আরোপ করেন। অধ্যাপক ডা. ফরিদুল আলম তার বক্তৃতায় স্বাস্থ্য বিজ্ঞানে নিরলস শ্রম ও অপরিসীম অবদানের জন্য ড. ফিরদৌসী কাদরীর ভূয়সী প্রশংসা করেন।

অনুষ্ঠানে সূচনা বক্তব্য প্রদান করেন আইডিইএসএইচআইর চিফ অপারেটিং অফিসার ড. রফিকুর রহমান। তিনি সংগঠনের লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যক্রম তুলে ধরেন এবং শিক্ষা, গবেষণা ও সকলের সম্পৃক্ততা নিশ্চিত করার মাধ্যমে স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়নে নিজেদের অঙ্গীকারের কথা ব্যক্ত করেন।

বিইউএইচএস'র ইমিউনোলজি বিভাগের প্রধান ও সংস্থার অ্যালামনাই অধ্যাপক ডা. রোজি সুলতানা থ্যালাসেমিয়া রোগ নিরাময়ে আইডিইএসএইচআই'র সুদীর্ঘ কার্যক্রমের বিষয় উপস্থাপন করেন এবং এই রোগ প্রতিরোধে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়নের দিকসমূহ নিয়ে আলোচনা করেন।

সমাপনী বক্তব্যে অনুষ্ঠানের সভাপতি, বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথ অনুষদের ডিন অধ্যাপক ডা. মো. আনোয়ার হোসেন সেমিনারে অংশগ্রহণের জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। বিইউএইচএস'র ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রারসহ শিক্ষকমণ্ডলী ও ছাত্রছাত্রী এবং আইডেশি'র বিজ্ঞানীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সেমিনার শেষ হওয়ার পর থ্যালাসেমিয়া ক্যারিয়ার স্ক্রিনিং টেস্টের জন্য বিনামূল্যে বিইউএইচএসের ১৫০ শিক্ষার্থীর স্যাম্পল নেয়া হয়। থ্যালাসেমিয়া সম্পর্কে সচেতনতা তৈরি করা এবং এই বংশগত এই রোগ প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে আইডেশি প্রতি মাসে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজে জন সচেতনতামূলক সেমিনারের আয়োজন করে এবং বিনামূল্যে অঞ্চলভিত্তিক স্যাম্পল সংগ্রহ করে থাকে।

উল্লেখ্য, ড. ফিরদৌসী কাদরীর স্বামী ঢাকা বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি ও মোলিকিউলার বায়োলজি বিভাগের প্রাক্তন শিক্ষক প্রয়াত অধ্যাপক ড. সালেহীন কাদরী বায়োমেডিকেল সায়েন্স বিষয়ক আন্তঃ দেশীয় গবেষণা কার্যক্রমের মাধ্যমে থ্যালাসেমিয়া প্রতিরোধের লক্ষ্যে ২০১৪ সালে আইডেশি প্রতিষ্ঠা করেন।

সম্পাদক: মাহবুব রনি

১২৮/১, পূর্ব তেজতুরি বাজার, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

ফোন: +৮৮০১৭১২৪৬৮৮৯৭, +৮৮০১৭৬০৩৮৮৮১৯, ইমেইল:

news@thedailycampus.com